টানা তৃতীয়বার ফ্রেঞ্চ সুপার কাপের শিরোপা জিতলো পিএসজি

ফরাসি লিগ ওয়ানে টানা তৃতীয়বার ফ্রেঞ্চ সুপার কাপের শিরোপা জিতলো প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি)। অতিরিক্ত সময়ে ১-০ গোলে পিএসজির কাছে হারলো গত মৌসুমের রানার্সআপ দল মোনাকো।

পিএসজির জন্য জয়টা খুব একটা সহজ ছিল না। অনেক চেষ্টা করেও নির্ধারিত সময়ের মধ্যে কোনও গোল করতে পারেনি কোনও দল। অবশেষে অতিরিক্ত সময়ের গোলে পিএসজিকে জয় উপহার দেয় উসমান দেম্বেলে।

টুর্নামেন্টে এ নিয়ে মোট ১৩বার শিরোপা জিতলো লিগ ওয়ানের বর্তমান চ্যাম্পিয়নরা। ফরাসি লিগ ওয়ানে গত মৌসুমের রানার্সআপদের হারিয়ে সর্বশেষ ১২ বছরে ১১ বারের মতো ফ্রেঞ্চ সুপার কাপ চ্যাম্পিয়ন হলো পিএসজি।

২০২২ সালে কাতার বিশ্বকাপের জন্য ৯৭৪টি রিসাইকেল করা জাহাজ কন্টেইনার দ্বারা নির্মিত অস্থায়ী ভেন্যু স্টেডিয়াম ৯৭৪-এ ম্যাচটি অনুষ্ঠিত হয়। এ ম্যাচে গোলের জন্য ২৭টি সুযোগ তৈরি করেছিল পিএসজি। এর মধ্যে লক্ষ্যে শট নিয়েছিল ৯টি।

গোলশূন্য ড্রয়ে শেষ হয় নির্ধারিত ৯০ মিনিট। পরে খেলা গড়ায় অতিরিক্ত সময়ে। ২০১০ সালের পর প্রথমবারের মতো ফরাসি সুপার কাপের প্রথমার্ধে কোনও গোল হয়নি। এর আগে অলিম্পিকে মার্সেই-এর বিপক্ষে গোলশূন্য ড্র হওয়ার পর টাইব্রেকারে ৫-৪ গোলে জিতেছিল পিএসজি।

মোনাকোর বিপক্ষে অতিরিক্ত সময়ে আর কোনও ঝুঁকি নেয়নি তারা। ৯২ মিনিটেই একমাত্র গোলটি করেন দেম্বেলে। গোলমুখের সামনে ফরাসি তারকাকে বল বাড়ান ফ্যাবিয়ান রুইজ। এরপর সহজেই জাল খুঁজে নেন দেম্বেলে।

আগের দুই ম্যাচে ন্যান্টেস ও তুলুজকে হারিয়েছিল পিএসজি। সবশেষ লিগ ওয়ানের ম্যাচে দেম্বেলের জোড়া গোলে মোনাকোর বিপক্ষে ৪-২ গোলের জয় পেয়েছিল লিগের বর্তমান চ্যাম্পিয়নরা।

চারবারের চ্যাম্পিয়ন মোনাকো সবশেষ শিরোপা জিতেছিল ২০০০ সালে।

তারপর ২০১৭ ও ২০১৮ সালে রানার্সআপ হয়েছি। দুবারই তারা হেরেছিল পিএসজির কাছে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট (বালক ও বালিকা) উদ্বোধন করা হয়েছে।

সোমবার (৬ জানুয়ারি) সকাল ৯টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসনের আয়োজনে ও প্রাথমিক শিক্ষা অফিসের সহযোগিতায় এ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বেলুন উড়িয়ে খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন এবং বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসের সহকারী শফিকুল রহমান, জহুরুল হক, এহসানুল

হাবীব, আশরাফুল আলম এবং ওবায়দুল্লাহ।

১০ বছর পর বোর্ডার-গাভাস্কার ট্রফি জিতল অস্ট্রেলিয়া

দশ বছর পর বোর্ডার-গাভাস্কার ট্রফি জিতল অস্ট্রেলিয়া। ভারতের বিপক্ষে সিডনি টেস্ট জিতে বর্ডার-গাভাস্কার ট্রফি ৩-১ ব্যবধানে জিতল অজিরা।

সিডনি টেস্টের তৃতীয় দিনের শুরুতেই ১৫৭ রানে অল আউট হয়ে যায় ভারত। তাতে অস্ট্রেলিয়ার লক্ষ্য দাঁড়ায় ১৬২ রানের। ৬ উইকেট হাতে রেখেই সেই লক্ষ্যে পৌঁছে যায় অজিরা।

ফলে ২০১৪-১৫ মৌসুমের পর আবারও বর্ডার-গাভাস্কার ট্রফি ঘরে তুলল অস্ট্রেলিয়া। তার পাশাপাশি দক্ষিণ আফ্রিকার পর টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল নিশ্চিত করল প্যাট কামিন্সের দল।

সিডনিতে দ্বিতীয় দিনেই নিশ্চিত হয়ে গিয়েছিল তৃতীয় দিনের চলে আসবে এই টেস্টের ফল। আর হয়েছেও তাই। দিনের শুরুতেই ভারতের বাকি উইকেটগুলো দ্রুত তুলে নেয় অজি বোলাররা।

তাদের মধ্যে সবচেয়ে উজ্জ্বল ছিলেন অজি পেসার স্কট বোল্যান্ড। ৩৫ বছর বয়সি এই অজি পেসার ৪৫ রানে নেন ৬ উইকেট। যা টেস্ট ক্রিকেটে তার দ্বিতীয়বার পাঁচ উইকেট। এছাড়াও প্যাট কামিন্স পেয়েছেন ৩ উইকেট।

এদিকে ভারতের দ্বিতীয় ইনিংসের এক রিশভ পন্ত বাদে কেউই বড় ইনিংস খেলতে পারেননি। দ্বিতীয় দিনে টি-টোয়েন্টি সুলভ ব্যাট করে ৩৩ বলে ৬১ রান করেছিলেন পন্ত।

১৬২ রানের জবাব দিতে নেমে শুরুটা ভালো করে অস্ট্রেলিয়া। কনস্টাস ও খাজার ওপেনিং জুটি থেকে আসে ৩৯ রান। এরপর হঠাৎ দুই উইকেট হারিয়ে কিছুটা চাপে পড়ে অজিরা।

তবে শেষ দিকে ট্রাভিস হেড এবং অভিষেক টেস্ট খেলা বিউ ওয়েবস্টার অস্ট্রেলিয়াকে জয়ের বন্দরে নিয়ে যান। হেড ৩৪ এবং ওয়েবস্টার ৩৯ রানে অপরাজিত ছিলেন। ভারতের হয়ে ৩ উইকেট পান প্রসিধ কৃষ্ণ।

এর আগে টস জিতে ব্যাটিংয়ে নেমে অস্ট্রেলিয়ার বোলিং তোপে প্রথম ইনিংসে মাত্র ১৮৫ রানেই গুটিয়ে যায় ভারত। তবে বল হাতে জবাবটা ভালোই দিয়েছিল ভারত। অস্ট্রেলিয়াকে ১৮১ রানে অল আউট করে তারা। তাতে ৪ রানে লিডও পেয়ে যায়।

তবে ভারতের প্রথম ইনিংসে চোটের কারণে মাত্র ১০ ওভার বোলিং করার পর মাঠ ছাড়েন বুমরাহ। এরপর আর বোলিং করতে পারেননি তিনি। ব্যাটিং করতে নামলেও দ্বিতীয় ইনিংসে আর বোলিং করতে পারেননি ভারতের এই অভিজ্ঞ পেসার।

সূত্র: ইত্তেফাক

টিভিতে আজকের খেলা

বিপিএলের কোনো ম্যাচ না থাকলেও শনিবার (৪ জানুয়ারি) দেখতে পারবেন ঘরোয়া ফুটবলের দুটি ম্যাচ। সিডনি ও কেপটাউন টেস্টের দ্বিতীয় দিন আজ। টিভিতে দেখা যাবে ইংলিশ প্রিমিয়ার লিগেরও একাধিক ম্যাচ।

ক্রিকেট
সিডনি টেস্ট (দ্বিতীয় দিন)
অস্ট্রেলিয়া–ভারত
ভোর ৫টা ৩০ মিনিট
সরাসরি, স্টার স্পোর্টস ১

কেপটাউন টেস্ট (দ্বিতীয় দিন) দক্ষিণ আফ্রিকা–পাকিস্তান দুপুর ২টা ৩০ মিনিট
সরাসরি, পিটিভি স্পোর্টস

বিগ ব্যাশ লিগ

মেলবোর্ন রেনেগেডস–মেলবোর্ন স্টার্স দুপুর ২টা ৩০ মিনিট
সরাসরি, স্টার স্পোর্টস ২

ফুটবল: বাংলাদেশ প্রিমিয়ার ফুটবল

চট্টগ্রাম আবাহনী–মোহামেডান
দুপুর ২টা ৪৫ মিনিট
সরাসরি, টি স্পোর্টস
রহমতগঞ্জ–ঢাকা ওয়ান্ডারার্স
দুপুর ২টা ৪৫ মিনিট
সরাসরি, টি স্পোর্টস ইউটিউব চ্যানেল

ইংলিশ প্রিমিয়ার লিগ

টটেনহাম–নিউক্যাসল
সন্ধ্যা ৬টা ৩০ মিনিট
সরাসরি, স্টার স্পোর্টস সিলেক্ট ১ ম্যানচেস্টার সিটি–ওয়েস্ট হাম
রাত ৯টা
সরাসরি, স্টার স্পোর্টস সিলেক্ট ১ ক্রিস্টাল প্যালেস–চেলসি
রাত ৯টা
সরাসরি, স্টার স্পোর্টস সিলেক্ট ২
ব্রাইটন–আর্সেনাল
রাত ১১টা ৩০ মিনিট
সরাসরি, স্টার স্পোর্টস সিলেক্ট ১

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি অধিনায়কত্ব

ছাড়লেন নাজমুল হোসেন শান্ত

নতুন বছরের শুরুতেই বাংলাদেশ ক্রিকেট দলের টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ালেন নাজমুল হোসেন শান্ত। ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের পর থেকেই এই সিদ্ধান্তের গুঞ্জন শোনা গেলেও এবার তা বাস্তবে রূপ নিল। ক্রিকেটবিষয়ক গণমাধ্যম ক্রিকবাজের একটি প্রতিবেদন থেকে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

দক্ষিণ আফ্রিকা সিরিজের সময় থেকেই শান্ত টি-টোয়েন্টি অধিনায়কত্ব ছাড়ার ইচ্ছা প্রকাশ করেছিলেন। তবে সেসময় বিসিবি তাকে দায়িত্ব চালিয়ে যেতে অনুরোধ করে। অবশেষে নিজের ব্যাটিংয়ে আরও মনোযোগী হওয়ার জন্য এ সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে। শান্তর সিদ্ধান্তে বিসিবি সম্মতি জানিয়েছে।

বিসিবির এক শীর্ষ কর্মকর্তা ক্রিকবাজকে বলেন, ‘শান্ত আমাদের জানিয়েছে, সে আর টি-টোয়েন্টি অধিনায়ক থাকতে চায় না। আমাদের এখন টি-টোয়েন্টি ম্যাচ নেই, তাই এই পরিবর্তন সহজেই করা সম্ভব। তবে ইনজুরি সমস্যা না থাকলে তিনি টেস্ট এবং ওয়ানডে অধিনায়ক হিসেবে দায়িত্ব চালিয়ে যাবেন।’

বর্তমানে নাজমুল হোসেন শান্ত বিপিএলে ফরচুন বরিশালের হয়ে খেলছেন। আফগানিস্তান সিরিজে কুঁচকির ইনজুরির কারণে তিনি ওয়েস্ট ইন্ডিজ সিরিজ মিস করেছেন। এখন তিনি এনসিএল টি-টোয়েন্টি ও বিপিএলে খেলে নিজেকে আন্তর্জাতিক ক্রিকেটের জন্য প্রস্তুত করছেন। সবকিছু ঠিক থাকলে চ্যাম্পিয়ন্স ট্রফিতে বাংলাদেশ দলের টেস্ট ও ওয়ানডে অধিনায়ক হিসেবে মাঠে নামবেন তিনি।

শান্তর অনুপস্থিতিতে টি-টোয়েন্টি অধিনায়ক হিসেবে লিটন কুমার দাস এগিয়ে আছেন বলে ধারণা করা হচ্ছে। উইকেটকিপার-ব্যাটসম্যান লিটন তার নেতৃত্বের গুণাবলীর জন্য প্রশংসা কুড়িয়েছেন। বিশেষ করে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তাঁর অধিনায়কত্ব ক্রিকেটপ্রেমীদের মুগ্ধ করেছে। লিটন ইতিমধ্যে জানিয়েছেন, বিসিবি চাইলে তিনি পুরোদমে নেতৃত্ব দিতে প্রস্তুত।

শান্তর এই সিদ্ধান্তের ফলে বাংলাদেশ ক্রিকেট আবারও একাধিক অধিনায়কের যুগে প্রবেশ করছে। এর আগে সাকিব আল হাসান তিন ফরম্যাটের অধিনায়ক থাকলেও তিনি দায়িত্ব ছেড়ে দেন। এরপর ফেব্রুয়ারিতে শান্ত তিন ফরম্যাটের নেতৃত্ব নেন। তবে ১ বছর পূর্ণ

হওয়ার আগেই তিনি টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ালেন।

সূত্র: ইত্তেফাক

২০২৫ সালে বাংলাদেশের ক্রিকেট : ব্যস্ত বছর

২০২৫ সাল হতে যাচ্ছে বাংলাদেশের ক্রিকেটের জন্য একটি গুরুত্বপূর্ণ বছর। পুরুষ ও নারী দলকে ঘিরে পরিকল্পনা সাজানো হয়েছে ব্যস্ত সূচি নিয়ে। এ বছর বাংলাদেশ খেলবে নানা ফরম্যাটে, বিশেষ করে ওয়ানডে ম্যাচের আধিক্য লক্ষণীয়। চ্যাম্পিয়ন্স ট্রফি এবং এশিয়া কাপের মতো বড় টুর্নামেন্টও এই বছরে ক্রিকেটপ্রেমীদের দৃষ্টি আকর্ষণ করবে।

পুরুষ দলের নির্ধারিত সূচি

ফেব্রুয়ারি-মার্চ :

বছরের শুরুতেই চ্যাম্পিয়ন্স ট্রফির মতো বড় মঞ্চে অংশ নেবে বাংলাদেশ। আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের প্রতিষ্ঠিত করতে এই টুর্নামেন্টে ভালো পারফরম্যান্স করার লক্ষ্য থাকবে।

মার্চ :

বাংলাদেশ সফর করবে জিম্বাবুয়ে। সেখানে তিনটি করে ওয়ানডে এবং টি-টোয়েন্টি ম্যাচ খেলবে টাইগাররা।

মে :

মে মাসে পাকিস্তান সফরে যাবে বাংলাদেশ দল। এই সফরে তিনটি ওয়ানডে এবং তিনটি টি-টোয়েন্টি ম্যাচের পরিকল্পনা রয়েছে।

জুন :

শ্রীলঙ্কা সফর করবে বাংলাদেশ। দুটি টেস্ট, তিনটি ওয়ানডে এবং

তিনটি টি-টোয়েন্টি খেলবে দুই দল।

আগস্ট :

ভারত আসবে বাংলাদেশে। এ সফরে ভারতের বিপক্ষে তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি ম্যাচ খেলবে টাইগাররা।

সেপ্টেম্বর :

এশিয়া কাপ আয়োজনের সম্ভাবনা রয়েছে এই মাসে। ভেন্যু এখনো চূড়ান্ত না হলেও এশিয়া কাপ সবসময়ই বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ টুর্নামেন্ট।

অক্টোবর-নভেম্বর :

বাংলাদেশ সফরে আসবে ওয়েস্ট ইন্ডিজ। এ সফরে থাকবে তিনটি ওয়ানডে এবং তিনটি টি-টোয়েন্টি ম্যাচ।

নভেম্বর :

আয়ারল্যান্ডের বিপক্ষে দেশের মাটিতে তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি ম্যাচ খেলবে বাংলাদেশ। থাকতে পারে দুটি টেস্টও।

নারী দলের নির্ধারিত সূচি

জানুয়ারি :

বছরের শুরুতে বাংলাদেশ নারী দল যাবে ওয়েস্ট ইন্ডিজ সফরে। সফরে তিনটি করে ওয়ানডে এবং টি-টোয়েন্টি ম্যাচ খেলবে তারা।

আগস্ট-সেপ্টেম্বর :

এই সময়ে ভারতে অনুষ্ঠিত হবে নারী ওয়ানডে বিশ্বকাপ। বাংলাদেশ নারী দল কোয়ালিফিকেশন পেলে এই টুর্নামেন্টে অংশ নেবে।

ডিসেম্বর :

নারী দলের ভারত সফর। সফরে তিনটি করে ওয়ানডে এবং টি-টোয়েন্টি ম্যাচ খেলবেন তারা।

ভবিষ্যতের সম্ভাবনা

উল্লিখিত সূচি ছাড়াও, দ্বি-পাক্ষিক আলোচনা এবং নতুন চুক্তির ভিত্তিতে আরও সিরিজ যুক্ত হতে পারে। বিসিবি বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতার মধ্যে নতুন সুযোগ তৈরি করতে কাজ করছে।

২০২৫ সালের সূচি বেশ ব্যস্ত এবং চ্যালেঞ্জিং। চ্যাম্পিয়ন্স ট্রফির মতো মঞ্চে ভালো পারফরম্যান্স টাইগারদের আত্মবিশ্বাস বাড়াবে। এ ছাড়া ওয়ানডে ফরম্যাটে বেশি ম্যাচ থাকায় বিশ্বকাপের প্রস্তুতির দিক থেকেও এটি ইতিবাচক।

নারী দলের জন্য কোয়ালিফিকেশন পর্ব সফলভাবে উত্তীর্ণ হয়ে বিশ্বকাপে জায়গা করে নেওয়া হবে বড় চ্যালেঞ্জ। এই লক্ষ্য অর্জন করতে হলে পরিকল্পনা ও প্রস্তুতিতে বাড়তি মনোযোগ দিতে হবে।

নতুন বছরের সূচি বাংলাদেশের ক্রিকেটপ্রেমীদের জন্য এনে দিচ্ছে অনেক প্রত্যাশা, চ্যালেঞ্জ এবং রোমাঞ্চ।

সূত্র: কালবেলা

হকিতে বিমান বাহিনীর প্রথম ট্রফি

বিমান বাহিনীর কোচ হেদায়েতুল ইসলাম রাজীব চোখ মুছতে মুছতে বললেন, ‘অনেক কষ্টের পর ফল পেলাম’। হকির ইতিহাসে প্রথম বার হকি ফেডারেশনের কোনো টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলো। এমন আনন্দের দিনে কোচ রাজীবের চোখ ভিজল। তার নির্দেশনায় একেবারে তরুণ একটা দল প্যারাগন গ্রুপ বিজয় দিবস হকির ফাইনাল খেলল জাতীয় দলের খেলোয়াড়দের নিয়ে গড়া নৌবাহিনীর বিপক্ষে। বিমান বাহিনী ৫-৪ গোলে নৌবাহিনীকে উড়িয়ে দিয়ে চ্যাম্পিয়ন হয়েছে।

দারুণ খেলেছে বিমান বাহিনী। নৌবাহিনী টানা ৫টা ফাইনাল খেলল। ২০২০ সালে বিজয় দিবস টুর্নামেন্টেও নৌবাহিনীর বিপক্ষে ফাইনাল খেলে রানার্সআপ হয়েছিল। সেবার কোচ রাজীব ছিলেন সোনালী ব্যাংকের। এরপর টানা তিন বছর বিমান বাহিনীর কোচ হয়ে খেলোয়াড়দের

তৈরি করলেন। গতকাল সেই ফল পেলেন। ফেডারেশন কর্তারাও খুঁজলেন শেষবার কবে ফেডারেশন আয়োজিত টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছিল বিমান বাহিনী? খুঁজে পেলেন না কর্মকর্তারা।

নৌবাহিনী শক্তিশালী দল। বিমান বাহিনী ততটা না। রোমান সরকার, ফরহাদ আহমেদ সিটুল, দ্বিন ইসলাম, চয়ন, রাসেল মাহমুদ জিমি, আশরাফুল ইসলাম, রাকিন শুভ, মাহবুব, মাইনুল ইসলাম, গোলরক্ষক অসীম গোপ, ফজলে হোসেন রাব্বীদের কাগজে কলমে নৌবাহিনী এগিয়ে ছিল। তাদের সামনে বিমান বাহিনীর অধিনায়ক রাজু আহমেদ তপু, তাসিন আলী, মেহেরাব হাসান সামিন, ওবায়দুল হোসেন জয়, মিঠু, জীবন, আজীজুল, সজীবুর রহমান, মেহেদী হাসান, সোহানুর রহমান সবুজ, রাকিবুল হাসানরা মাঠের লড়াইয়ে নেমেই ধুমধাম করে ২ গোল করে ফেলল নৌবাহিনীর পোস্টে।

মাওলানা ভাসানী স্টেডিয়ামে ওবায়দুল হাসান জয় রাকিবুল হাসানকে দিয়ে প্রথম গোল করালেন, এর পরই জয় রিভার্স হিটে দর্শনীয় গোল করেছেন। এ দুজন নৌবাহিনীর রক্ষণ তছনছ করে দিয়েছেন। রাকিবুল হাসান দারুণ খেলেছেন। এই তরুণের স্টিক ওয়ার্ক নৌবাহিনীর রক্ষণ কাঁপন ধরিয়ে দিয়েছিল। হ্যাটট্রিক করেছেন রাকিবুল। অধিনায়ক সামিন গোল করেন। নৌবাহিনী একবার ৩-৩ স্কোর করলেও ম্যাচ জেতা হয়নি।

আশরাফুল, সিটুল, মাইনুল ইসলাম ও অধিনায়ত জিমি গোল করেন। সিটুল লাল কার্ড পেয়েছিলেন শেষ দিকে। নৌবাহিনীর দাবি তারা পেনাল্টি কর্নার পেয়েছিলেন, আম্পায়ার সেটি এড়িয়ে গেছেন। টুর্নামেন্টে সেরা খেলোয়াড় হয়েছেন চ্যাম্পিয়ন সবুজ, রানার্সআপ দলের আশরাফুল ১১ গোল করে সর্বোচ্চ গোলদাতা হন। পুরস্কার বিতরণ করেন বিমান বাহিনী প্রধান ও হকি ফেডারেশনের সভাপতি এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অবশেষে বিপিএলের টিকিটমূল্য প্রকাশ, কিনবেন যেভাবে

বিপিএল শুরুর ২৪ ঘণ্টা আগেও টিকিট না পেয়ে বিসিবির গেইটে বিক্ষোভ শুরু করেন দর্শকরা। এরপরই টিকিটের মূল্য প্রকাশ করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। একইসঙ্গে টিকিট কেনার উপায় এবং স্থানও জানানো হয়েছে।

রোববার (২৯ ডিসেম্বর) বেলা ১২টায় এক বিবৃতিতে বিপিএলের টিকিট কেনার বিষয়ে তথ্য জানিয়েছে বিসিবি। সরাসরি ও অনলাইন দুই মাধ্যমেই বিপিএলের টিকিট সংগ্রহ করা যাবে। সরাসরি টিকিট বিক্রি শুরু হচ্ছে আজ বিকেল ৪টা থেকে। সন্ধ্যা ৭টা পর্যন্ত টিকিট কেনার সুযোগ পাবেন সমর্থকরা।

এ ছাড়া বিপিএলের উদ্বোধনী দিন অর্থাৎ, আগামীকাল সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সরাসরি টিকিট কেনা যাবে। মধুমতি ব্যাংকের সাতটি শাখা থেকে সরাসরি টিকিট কেনা যাবে। এছাড়া অনলাইনে টিকিট পাওয়া যাবে এই ঠিকানায়, www.gobcbticket.com.bd

এবারের বিপিএলের সর্বনিম্ন টিকিটের দাম ২০০ টাকা। সর্বোচ্চ ২০০০ টাকা। ইস্টার্ন গ্যালারির টিকিট পাওয়া যাবে ২০০ টাকায়। নর্দার্ন ও সাউদার্ন গ্যালারির টিকিটের দাম ৩০০ টাকা করে। শহীদ মুশতাক ও শহীদ জুয়েল স্ট্যান্ডের টিকিটের মূল্য ৫০০ টাকা।

ইন্টারন্যাশনাল গ্যালারির মিডিয়া ব্লক ও করপোরেট ব্লকের টিকিটের মূল্য ১০০০ টাকা। এছাড়া সাউথ করপোরেট ব্লকের টিকিটের মূল্য ৮০০ টাকা। গ্র্যান্ডস্ট্যান্ড আপার ও লোয়ারের টিকিটের মূল্য রাখা হয়েছে ২০০০ টাকা করে। একটি বিশেষ গ্যালারির ব্যবস্থা করেছে আয়োজকরা। শহীদ মুশতাক স্ট্যান্ডের পাশেই রয়েছে জিরো ওয়েস্ট জোন। যেখানে আসন সংখ্যা ৩০০ জন। ৬০০ টাকায় পাওয়া যাবে সেই গ্যালারির টিকিট।

মধুমতি ব্যাংকের যে ৭টি শাখায় বিপিএলের টিকিট পাওয়া যাবে:

১) মিরপুর শাখা (মিরপুর ১১)
২) মতিঝিল শাখা (ঢাকা চেম্বার বিল্ডিং)
৩) গুলশান শাখা (গুলশান ১ ও ২ এবর মাঝে)

৪) ধানমন্ডি শাখা (পুরোনো ২৭)
৫) উত্তরা শাখা (জসীম উদ্দিন রোড)
৬) কামরাঙ্গীচর শাখা
৭) ভিআইপি রোড শাখা (পল্টন স্কাউট বিল্ডিং)।

সূত্র: ইত্তেফাক